

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডেপুটি কো-অর্ডিনেটরের কার্যালয়
যুব প্রশিক্ষণ কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট
ওয়েবসাইট : ytc.bagerhat.gov.bd

স্মারক নং-৩৪.০১.০১০০.০০৬.৩৮.০৩১.২২-১৫৫০

তারিখ : ০৫/১০/২০২৩ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন যুব প্রশিক্ষণ কেন্দ্র, বারাকপুর, বাগেরহাট জেলা কর্তৃক আয়োজিত ০১(এক) মাস মেয়াদী প্রশিক্ষণের জন্য দেশের বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি, কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে নিম্নবর্ণিত কোর্সে ভর্তির জন্য অনলাইনে/স্ব-হস্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইনে আবেদন করার ওয়েব লিংক dyd.nise.gov.bd/courses

নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	কোর্সের মেয়াদ	কোর্সের ধরন	আসন সংখ্যা	দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ	সাক্ষাত কারের তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
১	“কৃষি ও হার্টিকালচার” বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৮ম শ্রেণী	০১ (এক) মাস	আবাসিক	৫০জন	২৯/১০/২৩	৩০/১০/২৩	০১/১১/২৩

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ-

- ১.দরখাস্তে যে সকল তথ্য লাগবে : ক) নাম খ) পিতার নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) শিক্ষাগত যোগ্যতা ছ) জাতীয়তা জ) জন্মতারিখ বা) ইমেইল নম্বর ঞ) জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন নম্বর, হোয়াটসএ্যাপ নম্বর, ফেসবুক আইডি সহ নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ২.আবেদন পত্রের সাথে ক) শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন সনদের ফটোকপি। খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র গ) সদ্যতোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।
- ৩.প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্ব-নির্ভর হওয়ার জন্য আন্তরিকভাবে সচেষ্ট থাকতে হবে।
- ৪.প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসর বয়সসীমার মধ্যে হতে হবে। যুব সংগঠন কর্তৃক মনোনীত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৫.যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ৬.সাক্ষাতকারের জন্য নির্ধারিত তারিখে যুব প্রশিক্ষণ কেন্দ্র, বারাকপুর, বাগেরহাট এ সকাল ১০.০০টায় হাজির হতে হবে।
৭. প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/- (একশত) টাকা এবং জামানত হিসাবে ১০০/- (ফেরতযোগ্য) মোট ২০০/- টাকা কেন্দ্রে জমা দিতে হবে।
- ৮.বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি আবাসিক হওয়ায় হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক।
- ৯.ভর্তির ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদন করা ধাপসমূহ :

ধাপ-০১ : আবেদনের ওয়েবসাইট dyd.nise.gov.bd/courses প্রবেশ করার পর “লগইন/রেজিস্ট্রেশন” অপশন পাওয়া যাবে। “রেজিস্ট্রেশন” অপশনে ক্লিক করলে “যুব” ও “শিল্প প্রতিষ্ঠান” নামে দুইটি অপশন থেকে “যুব” অপশনে ক্লিক করুন।

ধাপ-০২ : প্রয়োজনীয় তথ্য ও পাসওয়ার্ড দিয়ে “একাউন্ট তৈরি” অপশনে ক্লিক করে একাউন্ট তৈরি করুন। আপনার মোবাইল নম্বর হবে আপনার ইউজার নেম। এরপর উপরের কোনায় আবার “লগইন/রেজিস্ট্রেশন” অপশনের লগইন এ ক্লিক করে “ইউজার নেইম” এ আপনার মোবাইল নম্বর এবং “পাসওয়ার্ড” ঘরে আপনার প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।

ধাপ -০৩ : “চলমাস কোর্স” অথবা স্কিসে ভাসমাস কোর্স হতে “কৃষি ও হার্টিকালচার বিষয়ক” প্রশিক্ষণ কোর্সে ক্লিক করুন। “কোর্স নিবন্ধন বা রেজিস্ট্রেশন” এ ক্লিক করুন। প্রশিক্ষণ কেন্দ্রের নাম হবে “উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট”। এরপর আপনার ব্যক্তিগত তথ্য, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত তথ্য, অভিভাবকের তথ্য ও অন্যান্য তথ্য দিন। ছবি ও স্বাক্ষর আপলোড করুন। এনআইডি যাচাই করা উত্তম। সবশেষে “সম্পন্ন” অপশনে ক্লিক করুন।

ধাপ-০৪ : আপনার মোবাইলে একটি যাচাইকরণ কোড (OTP) যাবে। OTP ভেরিফাই করার জন্য “পরবর্তী” অপশনে ক্লিক করে প্রদত্ত ঘরে OTP লিখে “যাচাই” এ ক্লিক করুন। এবার “প্রোফাইল” এ ক্লিক করার পর “আমার সিটি” অপশনে ক্লিক করে আবেদন প্রিন্ট নিন। অফিসে একটি হার্ড কপি জমা দিন।



দেওয়ান মুহাম্মদ আবুজার
ডেপুটি কো-অর্ডিনেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাট

স্মারক নং-৩৪.০১.০১০০.০০৬.৩৮.০৩১.২২-১৫৫০

তারিখ : ০৫/১০/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১.পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২.জেলা প্রশাসক, বাগেরহাট জেলা।
- ৩.উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট।
- ৪.বিভাগীয় প্রধান.....(সকল), বাগেরহাট।
- ৫.উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা.....(সকল), বাগেরহাট।
- ৬.অফিস কপি।